

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে এমফিল/পিএইচডি কোর্সে গবেষণার জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে।

কোর্সের বিষয়সমূহ :

১. আল-কুরআন এ্যান্ড ইসলামিক স্টাডিজ, ২. দাওয়াহ এ্যান্ড ইসলামিক স্টাডিজ, ৩. হিসাববিজ্ঞান, ৪. ব্যবস্থাপনা, ৫. আইন ও মুসলিম বিধান, ৬. অর্থনীতি, ৭. আরবী ভাষা ও সাহিত্য, ৮. বাংলা, ৯. ইংরেজী, ১০. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ১১. রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন, ১২. আল-হাদীস এ্যান্ড ইসলামিক স্টাডিজ, ১৩. ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থবিজ্ঞান, ১৪. কম্পিউটারবিজ্ঞান ও প্রযুক্তি, ১৫. ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, ১৬. ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ১৭. বায়োটেকনোলজি এবং, ১৮. ফলিত পৃষ্টি ও খাদ্যবিজ্ঞান।

রেজিস্ট্রেশন ফরম :

অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার বিশ্ববিদ্যালয়ের বিবিধ রসিদের মাধ্যমে চলতি হিসাব নং-০৩-এ ১০০/- টাকা জমা দিয়ে আবেদনপত্র ৩০.০৫.০২ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

এমফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা :

(ক) প্রার্থীকে অবশ্যই ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে/সম্বন্ধযুক্ত বিষয়ে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রী থাকতে হবে।

(খ) প্রার্থীকে স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বরসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শুধু ইংরেজী বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি অথবা এইচএসসি পরীক্ষার যেকোন একটিতে প্রথম বিভাগসহ স্নাতকোত্তর পরীক্ষায় ৪৫% নম্বর

## ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এমফিল ও পিএইচডি প্রোগ্রাম



থাকতে হবে।

(গ) যেসকল প্রার্থীর স্নাতক (সম্মান) ডিগ্রী নেই সে সকল প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণীসহ শিক্ষার অন্যান্য স্তরে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

(ঘ) শিক্ষাগত যোগ্যতার কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থীর আবেদন বিবেচিত হবে না।

(ঙ) এমবিবিএস এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ৫০% নম্বর থাকলে এমফিল কোর্সে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

পিএইচডি প্রোগ্রামে  
আবেদনের যোগ্যতা :

(ক) প্রার্থীকে অবশ্যই ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। প্রার্থীকে সাধারণত স্নাতকোত্তর

পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ শিক্ষাগত যোগ্যতার সকল স্তরে ট্রেং একাডেমিক রেকর্ড থাকতে হবে। প্রার্থীর কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম দু'বছরের শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং তার সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে ন্যূনতম ২টি গবেষণামূলক প্রবন্ধ কোন স্ট্যাভার্ড জার্নালে প্রকাশিত হতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতার যেকোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থী আবেদন করতে পারবে না।

(গ) প্রার্থী এ বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রীপ্রাপ্ত হলে পিএইচডি প্রোগ্রামে ভর্তির নিমিত্তে আবেদন করতে পারবে। তবে অন্য বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রীধারী প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক প্রণীত ও সুপারিশকৃত সংশ্লিষ্ট কোর্স অতিরিক্ত কোর্স হিসাবে নিতে হবে।